



খুলনা বিশ্ববিদ্যালয়
A ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫
বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল
প্রত্যবেক্ষকের করণীয়

পরীক্ষা শুরু পূর্বে

১. পরীক্ষার্থীদের মোবাইল ফোন, ঘড়ি, বু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এমন কোন ইলেকট্রনিক ডিভাইস সাথে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। ভুলবশত কোনো পরীক্ষার্থী এমন কিছু নিয়ে পরীক্ষার হলে উপস্থিত হলে প্রত্যবেক্ষকের কাছে তা জমা রাখবে এবং পরীক্ষা শেষে নিজ দায়িত্বে নিয়ে নিবে। উল্লেখ্য যে, পরীক্ষার্থীরা **calculator** ব্যবহার করতে পারবে।
২. পরীক্ষার্থীরা সিট কার্ড দেখে নিজ নিজ আসনে বসেছেন কিনা তা নিশ্চিত করবেন।
৩. পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীদের দুই কানসহ মুখমণ্ডল দৃশ্যমান রাখতে হবে।
৪. প্রত্যবেক্ষকগণ দুপুর ২.৩০ মিনিটে পরীক্ষার্থীদের নিকট OMR ও লিখিত অংশের উত্তরপত্র সরবারহ করবেন এবং এ সময় পরীক্ষার্থীদের MCQ ও লিখিত উভয় অংশের উত্তরপত্রের বর্ণিত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়ার নির্দেশ দিবেন।
৫. ভর্তি পরীক্ষা বিকেল ৩.০০ মিনিটে শুরু হবে, তবে ২.৫৫ মিনিটে MCQ এবং লিখিত পরীক্ষার প্রশ্ন প্রদান করতে হবে।
৬. OMR ও লিখিত অংশের উত্তরপত্রের নির্ধারিত স্থানে প্রবেশপত্র অনুযায়ী ইংরেজিতে পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং রোল ও সিরিয়াল নম্বর লিখে সংশ্লিষ্ট বৃত্ত পূরণ করে স্বাক্ষর করার প্রয়োজনীয় নির্দেশ দিবেন।

পরীক্ষা চলাকালীন

১. কোন কারণে প্রশ্নপত্রের সংখ্যা কম হলে পাশের কক্ষ থেকে অথবা কেন্দ্র প্রধানের নিকট অতিরিক্ত হিসেবে প্রেরিত পরীক্ষা সামগ্রী হতে প্রশ্নপত্র সংগ্রহ করা যাবে।
২. পরীক্ষার্থী প্রথমে OMR ব্যবহার করে MCQ অংশের উত্তর দিবে। এ অংশের জন্য বরাদ্দকৃত সময় ৪৫ মিনিট পর পরীক্ষার্থীদের কাছ থেকে OMR সংগ্রহ করবেন। কোন পরীক্ষার্থী ৪৫ মিনিটের পূর্বে OMR জমা দিতে চাইলে তা গ্রহণ করে লিখিত অংশের উত্তর লেখা শুরু করার সুযোগ দেয়া যাবে।
৩. প্রত্যবেক্ষকগণ MCQ ও লিখিত অংশ উভয় উত্তরপত্রেই কালো কালির কলম দ্বারা স্বাক্ষর করবেন। স্বাক্ষরের পূর্বে পরীক্ষার্থীর প্রবেশপত্র ও Attendance Sheet এর ছবির সঙ্গে চেহারার মিল আছে কিনা তা যাচাই করবেন। কোন পরীক্ষার্থী প্রবেশপত্র দেখাতে ব্যর্থ হলে তার পরীক্ষা গ্রহণ করতে হবে এবং Attendance Sheet-এ স্বাক্ষরের সময় নামের পাশে **‘প্রবেশপত্র ছিল না’** লিখে স্বাক্ষর করতে হবে।
৪. পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পরে কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেনা।
৫. ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র পরীক্ষা শেষ হওয়ার পূর্বে যেন কোনভাবেই কক্ষের বাহিরে না যায় সে বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করবেন।
৬. পরীক্ষা শুরু হলে প্রতি ১৫ মিনিট পরপর পরীক্ষার্থীদের সময় সম্পর্কে অবহিত করবেন। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী যেন পরীক্ষার কক্ষ ত্যাগ না করতে পারে এ বিষয়টি নিশ্চিত করবেন। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কন্ট্রোল রুমে যোগাযোগ করে অবহিত করবেন।

পরীক্ষার শেষে

১. MCQ পরীক্ষা (প্রথম ৪৫ মিনিট) শেষে OMR উত্তরপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে গণনা করে Attendance Sheet-সহ **নির্ধারিত** খামে ভরে কন্ট্রোল রুমে জমা দিবেন। Attendance Sheet-এর প্রতি পাতার নিচে উপস্থিতির সংখ্যা লিখে প্রত্যবেক্ষক স্বাক্ষর করবেন। ব্যবহৃত OMR Sheet এর সংখ্যা খামের উপর লিখে দিবেন।
২. লিখিত পরীক্ষা শেষে লিখিত অংশের উত্তরপত্র সংগ্রহ করে যথাযথভাবে গণনা করে রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে **নির্ধারিত** খামে ভরে সংশ্লিষ্ট কন্ট্রোল রুমে জমা দিবেন।
৩. **মুক্তহস্ত অংকন পরীক্ষার ক্ষেত্রে (নির্দিষ্ট কক্ষে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে) :** MCQ এবং লিখিত পরীক্ষার পর “মুক্তহস্ত অংকন” পরীক্ষা শুরু হবে। প্রত্যবেক্ষক লিখিত পরীক্ষা শেষ হওয়ার পর “মুক্তহস্ত অংকন” পরীক্ষার উত্তরপত্র ও প্রশ্নপত্র সরবারহ করবেন ৪.৩৫ মিনিটে। পরীক্ষা শুরু করবেন ৪.৪০ মিনিটে এবং শেষ করবেন ৫.৪০ মিনিটে।
৪. পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যেতে পারবেন। অব্যবহৃত প্রশ্নপত্র ও অব্যবহৃত উত্তরপত্র কন্ট্রোলরুমে জমা দিবেন।
৫. অন্য কোন কেন্দ্র বা কক্ষের পরীক্ষার্থীর পরীক্ষা নেয়া হলে সেই OMR ও লিখিত উত্তরপত্র পৃথক খামে **‘অন্য কেন্দ্রের পরীক্ষার্থী’** লিখে সংশ্লিষ্ট কন্ট্রোল রুমে জমা দিবেন।

আশা করি, আপনার আন্তরিক সহযোগিতায় পরীক্ষা সৃষ্ঠভাবে সম্পন্ন হবে।

ধন্যবাদসহ,



অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম

ডিন,

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল ও

সভাপতি, A ইউনিট ভর্তি পরীক্ষা, ২০২৪-২০২৫

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

জনরী প্রয়োজনে যোগাযোগ
A ইউনিট ভর্তি পরীক্ষা, ২০২৪-২০২৫
ভর্তি পরীক্ষা কমিটি :

সভাপতি: অধ্যাপক ড. মোঃ আশরাফুল আলম (০১৯১৪-০৬৬২৫৭)

সদস্য সচিব: অধ্যাপক ড. মুর্তজা হান আরা (০১৭১৬-৩৪১৬৬৪)

টাকা কেন্দ্র: অধ্যাপক ড. মোঃ আহলানুল কবীর (০১৭১১-৩৭৫১৮১)

রাজশাহী কেন্দ্র: অধ্যাপক ড. মোঃ আজমল হুদা (০১৭৩৬-৬৫৮৬১৮)